



তথ্যবিবরণী

নম্বর-০৩৯

পাবনা মোটর মালিক গ্রুপ-এর প্রশাসক নিয়োগ

রাজশাহী; ২৮ ভাদ্র (১২ সেপ্টেম্বর):

বাণিজ্য সংগঠন আইন-২০২২ এর ১৭ ধারা মোতাবেক পাবনার অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটকে পাবনা মোটর গ্রুপ-এর প্রশাসক নিয়োগ করা হয়েছে।

আজ বৃহস্পতিবার (১২ সেপ্টেম্বর) বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন বাণিজ্য সংগঠনের মহাপরিচালক ড. নাজনীন কাওসার স্বাক্ষরিত এক অফিস আদেশে এ নিয়োগ প্রদান করা হয়।

আদেশে বলা হয়, পাবনা মোটর মালিক গ্রুপের কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার লক্ষ্যে বাণিজ্য সংগঠন আইন-২০২২, বাণিজ্য সংগঠন বিধিমালা- ১৯৯৪, কোম্পানি আইন-১৯৯৪ এবং সংগঠনের সংঘস্মারক ও সংঘবিধি অনুযায়ী পরিচালিত হওয়া আদেশ বলে সরকারের অনুমোদনক্রমে পাবনার অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটকে পাবনা মোটর গ্রুপ-এর প্রশাসক নিয়োগ করা হলো।

আদেশে আরও বলা হয়েছে, প্রশাসক ১২০ (একশত বিশ) দিনের মধ্যে একটি সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠান সম্পন্ন করবেন এবং নির্বাচিত কমিটির নিকট দায়িত্ব হস্তান্তর করে এ মন্ত্রণালয়কে অবহিত করবেন।

.....  
তৌহিদ/আতিক/আরিফ/আলীম/হালিম/২০২৪/১৪.৩০ ঘ.